

আন্তর্জাতিক

দিল্লিতে আবারও বড় বিক্ষোভের ডাক, নিয়ন্ত্রণে ব্যাপক পুলিশ মোতায়েন ও ইন্টারনেট বন্ধ



প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: শনিবার, ১০ অক্টোবর ২০২৬, ০৯:১৪ AM



ভারতের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে আজ শনিবার (১০ অক্টোবর) নয়াদিল্লির যন্তরমন্তরে বিক্ষোভের ডাক দিয়েছে ককরোচ জনতা পার্টি (সিজেপি)। এই কর্মসূচিকে কেন্দ্র করে রাজধানীজুড়ে নিরাপত্তা জোরদার করেছে প্রশাসন। মোতায়েন করা হয়েছে ২৫ হাজারের বেশি পুলিশ ও আধাসামরিক বাহিনী সিআরপিএফের সদস্য। বসানো হয়েছে ৩০০টির বেশি ক্যামেরা। প্রস্তুত রাখা হয়েছে ১২টি অস্থায়ী বন্দিশালা।

বিক্ষোভ ছড়িয়ে পড়া ঠেকাতে গতকাল শুক্রবার রাত ১০টা থেকে যন্তরমন্তর ও এর আশপাশের চার কিলোমিটার এলাকায় মোবাইল ইন্টারনেট পরিষেবা বন্ধ করা হয়েছে। দিল্লি পুলিশ জানিয়েছে, আজ শনিবার রাত ১০টা পর্যন্ত এই বিধিনিষেধ কার্যকর থাকবে।

বিক্ষোভে রাজধানী ও আশপাশের এলাকা এবং অন্যান্য রাজ্য থেকে লোকজনের যোগদান ঠেকাতে দিল্লির ৪৫টি মেট্রোস্টেশন বন্ধ রাখা

হয়েছে। বাতিল করা হয়েছে ২৫০টি ট্রেন।

বিশাল জনসমাগম, যান চলাচলে সম্ভাব্য বিঘ্ন এবং অতীতে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির কথা উল্লেখ করে সিজিপি বিক্ষোভের অনুমতি আগেই প্রত্যাখ্যান করেছে দিল্লি পুলিশ। তবে এসব বিধিনিষেধের মধ্যেও দলটির কর্মসূচি ঘিরে নিরাপত্তা প্রস্তুতি অব্যাহত রয়েছে।

রাজ্য পুলিশপ্রধানদের স্বরাষ্ট্র সচিবের নির্দেশ

সিজিপি সম্ভাব্য বিক্ষোভ সামনে রেখে ভারতের সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের পুলিশপ্রধানদের চিঠি দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব গোবিন্দ মোহন। গতকাল ৯ অক্টোবর পাঠানো ওই চিঠিতে দিল্লি পুলিশের সঙ্গে সমন্বয় রেখে আইনশৃঙ্খলা রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে।

চিঠিতে গোয়েন্দা তথ্যের বরাত দিয়ে বলা হয়েছে, অনুমতি না থাকলেও সিজিপি সদস্য ও সমর্থকেরা দিল্লিতে প্রবেশের চেষ্টা করতে পারেন। এ পরিস্থিতিতে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের পুলিশ, গোয়েন্দা সংস্থা এবং সীমান্ত তদারককারী কর্তৃপক্ষকে দিল্লি পুলিশের সঙ্গে সমন্বয় বজায় রাখতে বলা হয়েছে। পাশাপাশি তথ্য আদান-প্রদান অব্যাহত রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

নয়াদিল্লির সীমান্তবর্তী এলাকাগুলোতেও নিরাপত্তা জোরদার করা হয়েছে। রাজধানীতে প্রবেশকারী যানবাহনের ওপর নজরদারি ও তল্লাশি বাড়ানো হয়েছে। সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আজ শনিবার দিল্লির মদের দোকান ও পানশালা বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

সামাজিক যোগাযোগমাধ্যমেও নজরদারি

বিক্ষোভের জন্য লোকজনকে সংগঠিত করার প্রচেষ্টার ওপরও নজর রাখছে পুলিশ। সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত পোস্ট ও বার্তা খতিয়ে দেখা হচ্ছে। বিভিন্ন প্রতিবেদনের তথ্য অনুযায়ী, ২০০ জনের বেশি কনটেন্ট নির্মাতাও পুলিশের নজরদারির আওতায় রয়েছেন।

সিজিপি কর্মসূচিকে কেন্দ্র করে নিরাপত্তাব্যবস্থা জোরদার, যোগাযোগে বিধিনিষেধ এবং যান চলাচলে নিয়ন্ত্রণ আরোপের মধ্য দিয়ে আজ দিল্লিতে দিনটি শুরু হয়েছে।

এ বিভাগের আরও খবর



[পিল্লাইকে শান্তিতে নোবেল দিয়ে নিজেদেরকে লজ্জিত করেছে নোবেল কমিটি]
দীর্ঘদিনের প্রত্যাশা এবং কূটনৈতিক সাফল্যের দাবি সত্ত্বেও এবার নোবেল শান্তি পুরস্কার পাননি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।
২০২৬ সালের এই...



দিল্লিতে বিক্ষোভে যোগ দেয়ার আগে জনপ্রিয় ইউটিউবার ঞব রাঠিকে আটক
দিল্লিতে পরিকল্পিত বিক্ষোভে যোগ দিতে যাওয়ার আগে ভারতের গুৱগ্রাম থেকে ইউটিউবার ঞব রাঠিকে আটক করেছে পুলিশ।
পুলিশের নির্দেশনা মানতে অস্বীকৃ...



পুতিনের সঙ্গে ডিজেল সরবরাহের চুক্তির দাবি ট্রাম্পের
রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে ডিজেল সরবরাহ নিয়ে চুক্তি হয়েছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড
ট্রাম্প। তার দা...



নোবেল শান্তি পুরস্কার পেলেন দক্ষিণ আফ্রিকার নাভি পিল্লাই
২০২৬ সালের নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন দক্ষিণ আফ্রিকার বিশিষ্ট আইনজ্ঞ নাভানেথেম নাভি পিল্লাই। আন্তর্জাতিক আইন
প্রতিষ্ঠা এবং যুদ্ধাপরাধ, মা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/dillite-abaro-br-bikshobher-dak-niyntne-bjapk-pulish-motayen-o-intarnet-bndh>